পাগলিনী, তোর লাগি   কী আমি করিব বল্ ।
কোথায় রাখিব তোরে   খুঁজে না পাই ভূমণ্ডল
আদরের ধন তুমি,   আদরে রাখিব আমি—
আদরিণী, তোর লাগি   পেতেছি এ বক্ষস্থল ।
আয় তোরে বুকে রাখি— তুমি দেখো, আমি দেখি—
শ্বাসে শ্বাস মিশাইব, আঁখিজলে আঁখিজল ।

---